

# ঢাকা কলেজ ও সিটি কলেজ শিক্ষার্থীদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৪:৩৪, ২২ এপ্রিল ২০২৫



ঢাকা সিটি কলেজে হামলা ও ভাঙচুর চালিয়েছেন ঢাকা কলেজের শিক্ষার্থীরা। ধারণা করা হচ্ছে, পূর্ব শত্রুতার জেরে এ ঘটনা ঘটে থাকতে পারে। মঙ্গলবার দুপুর পৌনে ১২ টার দিকে ঢাকা কলেজের একদল শিক্ষার্থী সিটি কলেজে গিয়ে হামলা চালান। এসময় তারা কলেজ চত্বরে ভাঙচুর করেন।

এর আগে, গত ১৫ এপ্রিল রাজধানীর সায়েন্সল্যাব মোড়ে ঢাকা কলেজ ও ঢাকা সিটি কলেজের শিক্ষার্থীদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষের ঘটনা ঘটে। সেই সংঘর্ষে বেশ কয়েকজন শিক্ষার্থী আহত হন।